

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.haji.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৬৫.২১-১৩৫৯

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

বিষয়: আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-০০১০)-কে কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী প্রতিষ্ঠান আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-০০১০)-এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

- ০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারবদ্ধ ছিলেন; এবং
- ০৩। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ বিদ্যমান;
- ০৪। যেহেতু আপনার হজ লাইসেন্সের নবায়নের মেয়াদ গত ৩১/১২/২০১৮ তারিখ উত্তীর্ণ হয় এবং
- ০৫। যেহেতু আপনি হালনাগাদ কাগজপত্রাদিসহ লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করতে সক্ষম হননি;
- ০৬। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও শাস্তির কারণসমূহ বিদ্যমান;
- ০৭। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ (ছ) এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ এর ৩৫ (ঘ) অনুযায়ী আপনার পরিচালিত আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-০০১০)-এর হজ কার্যক্রমে ব্যবহৃত ইউজার আইডি নির্দেশক্রমে বন্ধ করা হ'ল। এছাড়া একই আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী কেন আপনার হজ লাইসেন্স বাতিল করা হবে না তার জবাব আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯
e-mail:hajsection@gmail.com

স্বত্বাধিকারী, আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-০০১০)
১৬৫ (৪৭ নিউ), ডি.আই.টি এক্সটেনশন রোড (২য় তলা), ফকিরাপুল, ঢাকা-১০০০।

স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৬৫.২১-১৩৫৯

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বিদ্যমান ইউজার আইডি বন্ধ করার অনুরোধ করা হলো)।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার হোটেল ভিক্টোরী, নয়াপল্টন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কাওরান বাজার, ঢাকা (www.haji.gov.bd এ প্রকাশ এবং এজেন্সির ই-মেইলে প্রেরণসহ ইউজার আইডি বন্ধ করার জন্য অনুরোধ করা হলো)।
৯. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব